গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী।

এবং

মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)

০১ জুলাই ২০১৯ - ৩০ জুন ২০২০

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী কর্তৃক কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
উপক্রমণিকা (Preamble)	৪
সেকশন ১ : বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৫
সেকশন ২ : গণগ্রন্থাগার অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact)	৬
সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	৭
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য	৮, ৮/১
সংযোজনী ১ : শব্দ-সংক্ষেপ (Acronyms)	১০
সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকসমূহ এবং পরিমাপ পদ্ধতি	১১
সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা	১২

বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Divisional Government Public Library, Rajshahi)

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

জ্ঞানমনস্ক আলোকিত সমাজ বিনির্মাণের লক্ষ্যে রাষ্ট্রের সামগ্রিক জনগোষ্ঠীর নিবিড় প্রত্যাশা পূরণে নিজ সক্ষমতা অনুযায়ী সর্বোচ্চ প্রয়াস নিয়োজিত করা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার সমূহের মূখ্য কাজ। প্রধানত: আলোকবর্তিকাবাহী বই পাঠে সর্বসাধারণকে অবিরাম উদ্বুদ্ধ করা এবং বিজ্ঞানভিত্তিক আধুনিক তথ্য-প্রযুক্তি-সম্বলিত সুবিধাদির দ্বারা সময়-সাশ্রয়ী কার্যকর তথ্যসেবা প্রদান করা এ প্রয়াসের অন্তর্ভুক্ত। এ লক্ষ্য অর্জনে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী সাম্প্রতিক বছরগুলিতে (বিগত তিন বছর) গণগ্রন্থাগার অধিদপ্তরের রাজস্ব থেকে প্রাপ্ত ৪,৬৩৮ (চার হাজার ছয়শত আটত্রিশ) টি শিরোনামের ১৩,৩১৫(তের হাজার তিনশত পনের) টি পুস্তক সংগ্রহ করেছে এবং পাঠকদের ব্যবহারের জন্য পাঠকক্ষে প্রেরণ করা হয়েছে। ক্রমান্বয়ে পাঠকসংখ্যা ও পাঠাভ্যাস বৃদ্ধি কার্যক্রম জোরদারকরণে উৎসাহ প্রদানের জন্য বিভিন্ন জাতীয় দিবসভিত্তিক রচনা, বইপাঠ, ছড়া ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতাসহ ৪৪টি অনুষ্ঠান আয়োজন করেছে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ীদেরকে বই, ক্রেস্ট, মেডেল ইত্যাদি পুরস্কার এবং প্রশংসাব্যঞ্জক সনদ প্রদান করেছে। এ সময়ে প্রায় ৪,৫৮,৩১৮ জন পাঠককে পাঠকসেবা এবং তথ্য ও রেফারেন্স সেবা প্রদান করা হয়েছে। অধিদপ্তরের মাধ্যমে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার রাজশাহীর কর্মকর্তা-কর্মচারীগণ প্রায় ৩১২ ঘন্টা প্রশিক্ষণ গ্রহণ করেছে। এছাড়াও বেসরকারি গণগ্রন্থাগার পরিদর্শন ও তালিকাভুক্তকরণ এবং গ্রন্থাগারের সদস্য অন্তর্ভুক্তিকরণের কাজেও এসেছে গতিশীলতা। বেঙ্গল ফাউণ্ডেশন থেকে তাদের প্রকাশিত চিত্রকলা, আর্ট ক্যাটালগ, ফোলিও ইত্যাদি বিষয়ক ২৩৭টি শিরোনামের ১১২৮টি পুস্তক পাঠক সেবার জন্য পাঠকক্ষে প্রদান করা হয়েছে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী এর সাংগঠনিক কাঠামো অনুযায়ী ১৪টি পদ রয়েছে। উক্ত ১৪টি পদের মধ্যে মাত্র ১২ জন কর্মকর্তা/কর্মচারী দ্বারা ১৬টি জেলা পর্যবেক্ষণ এবং একটি শাখা গ্রন্থাগারের সার্বিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। জনবলের স্বল্পতা হেতু পাঠকদের সেবা, প্রশাসনিক কার্যক্রম এবং শাখা গ্রন্থাগার পরিচালনার কাজে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহীকে প্রতিনিয়ত ভীষন সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। সর্বসাধারনের পাঠাভ্যাস বৃদ্ধি এবং বিজ্ঞানভিত্তিক আধুনিক তথ্য-প্রযুক্তি-সম্বলিত তথ্যসেবা প্রদান গ্রন্থাগারের প্রধানতম কাজ হওয়ায় জনসাধারণের চাহিদামাফিক বই সরবরাহ করা এবং আধুনিক তথ্য-প্রযুক্তি-সম্বলিত তথ্যসেবা প্রদানের সুবিধাদি নিশ্চিত করতে প্রয়োজনীয় জনবল একান্তভাবে প্রয়োজন। পুস্তকের সংখ্যা, স্বল্পতা, জনবলের সীমাবদ্ধতা, গণগ্রন্থাগার ভবনের জরাজীর্ণতা এবং বর্ষা বা বৃষ্টির সময় ক্যাম্পাসে জলাবদ্ধতা ইত্যাদি বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহীর প্রধান সমস্যা।
রাজশাহীর উল্লেখযোগ্য চ্যালেঞ্জ হলো-বরাদ্দ প্রাপ্তির সাপেক্ষে ভবন মেরামত ও সম্প্রসারণ এবং জলাবদ্ধতা নিরসনে চত্তরের রাস্তা সমূহ এবং গ্রন্থাগারের নিরাপত্তাজনিত কারণে গ্রন্থাগারের সীমানা প্রাচীর উচুঁকরণ। অনুষ্ঠান আয়োজনের জন্য হলবুমের আসন সল্পতা নিরসন এবং আধুনিকায়ণের ব্যবস্থা গ্রহণ।

- **ভবিষ্যৎ পরিকল্পনা:**

গণগ্রন্থাগার অধিদপ্তর এর সহায়তায় বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহীকে যথাযথ মানসম্পন্ন সেবা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ভবিষ্যৎ পরিকল্পনায় স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি এবং দীর্ঘমেয়াদি বেশ কিছু কার্যক্রম গ্রহণ করা হয়েছে। স্বল্পমেয়াদি পরিকল্পনার মধ্যে প্রয়োজনীয় আসবাবপত্র সংযোজন, ইন্টারনেট সেবা সম্প্রসারণ ইত্যাদি উল্লেখযোগ্য। মধ্যমেয়াদি পরিকল্পনার আওতায় গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক গণগ্রন্থাগার ভবনের উর্দ্ধমূখী সম্প্রসারণ, সৌর বিদ্যুৎ ব্যবস্থা স্থাপন এবং মাল্টিপারপাস হলের একুইস্টিক্স ব্যবস্থার উন্নয়ন, উপজেলা পর্যায়ে সরকারি গণগ্রন্থাগার স্থাপন, অনলাইন লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম প্রবর্তন ইত্যাদি কার্যক্রমকে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার এর সাংগঠনিক কলেবর বৃদ্ধিকরণ ইত্যাদি কার্যক্রম দীর্ঘমেয়াদি পরিকল্পনার আওতাভুক্ত রয়েছে।

২০১৭-২০১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- জনবল প্রদান সাপেক্ষে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহীতে ইন্টারন্ট সংযোগ প্রদান সম্পন্নকরণ।
- জাতীয় দিবসসমূহে পাঠচক্রসহ বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন।
- প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে রাজশাহী বিভাগ ও তার নিয়ন্ত্রাধীন জেলা সমূহের কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষণ গ্রহণ।
- পাঠক সংখ্যা বৃদ্ধি।

উপক্রমণিকা (Preamble)

রাজশাহী বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার এর প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচাল

এবং

গণগ্রন্থাগার অধিদপ্তর-এর মহাপরিচালক -এর মধ্যে
.... খ্রিস্টাব্দ তারিখে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

রাজশাহী বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision) : জ্ঞানমনস্ক আলোকিত সমাজ।

১.২ অভিলক্ষ্য (Mission) : জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে রাজশাহী বিভাগীয় শহরে জনগোষ্ঠীকে বিজ্ঞান ও আধুনিক তথ্য-প্রযুক্তিভিত্তিক সুবিধাদি-সম্বলিত সময়-সাশ্রয়ী পাঠকসেবা ও তথ্যসেবা প্রদানের মাধ্যমে জ্ঞান ও প্রজ্ঞায় বিকশিত ও সমৃদ্ধকরণ।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ রাজশাহী বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার এর কৌশলগত উদ্দেশ্য :

১. পাঠকসেবার মানোন্নয়ন।
২. তথ্য ও যোগাযোগ সেবার সম্প্রসারণ।
৩. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য:

- দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন।
- উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন।
- প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন।
- তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।
- আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কার্যাবলি (Functions):

- বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী এর পাঠক-চাহিদা মোতাবেক প্রাপ্ত পাঠসামগ্রী সংগঠন, বিন্যাস, সংরক্ষণ ও বিতরণ (Dissemination)।
- পাঠাভ্যাস বৃদ্ধি উৎসাহিতকরণে জাতীয় দিবসসমূহে বিভিন্ন প্রতিযোগিতা যেমন- রচনা, বইপাঠ, ছড়া ও কবিতা আবৃত্তি ইত্যাদি অনুষ্ঠান এবং পুরস্কার ও সনদ প্রদান।
- পাঠকদের রেফারেন্স ও তথ্যসেবা, CAS/SDI সেবা এবং পুস্তক লেনদেন সেবা বৃদ্ধিকরণ।
- বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি-ভিত্তিক ইন্টারনেট সেবা প্রদান।
- বিভাগীয় সরকারি গণগ্রন্থার, রাজশাহীর নিয়ন্ত্রণাধীন জেলা লাইব্রেরিসমূহে ইন্টারনেট সেবাদান নিশ্চিতকরণে সহযোগিতা প্রদান।
- রাজশাহী বিভাগের বেসরকারি গণগ্রন্থাগারসমূহ তালিকাভুক্তকরণ ও মূল্যায়ন।

আমি প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচাল, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী, গণগ্রন্থাগার অধিদপ্তর এর মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকবো।

আমি, মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহীকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করবো।

স্বাক্ষরঃ

প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক তারিখঃ
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার,
রাজশাহী।

মহাপরিচালক তারিখঃ
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

সংযোজনী-১

শব্দ-সংক্ষেপ (Acronyms)

- A2I = Access to Information.
- APA = Annual Performance Agreement.
- CAS/SDI = Current Awareness Service / Selective Dissemination of Information.
- FY = Fiscal Year.

সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী সংস্থা এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা/দপ্তর	পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র	সাধারণ মন্তব্য
[১.১] বিদ্যমান গণগ্রন্থাগারসমূহের জন্য পাঠক চাহিদা মোতাবেক পাঠসামগ্রী সংগ্রহ	[১.১.১] সংগৃহীত পুস্তকের সংখ্যা	গণগ্রন্থাগার অধিদপ্তর থেকে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী এর জন্য বই গ্রহণ।	গণগ্রন্থাগার অধিদপ্তর	গণনা, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারের বিদ্যমান পরিসংখ্যান ও অন্তর্ভুক্তি রেজিস্টার	
[১.২] প্রতিযোগিতা আয়োজন	[১.২.১] অংশগ্রহণকারীর সংখ্যা	বিভাগীয় পর্যায়ে জাতীয় দিবসসমূহ উদ্‌যাপন উপলক্ষে পাঠচক্র আহ্বানসহ অনুষ্ঠানাদি সম্পন্নকরণ, পুরস্কার ও সনদ বিতরণ।	বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী	গণনা, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার হতে প্রাপ্ত প্রতিবেদন	
[১.৩] রেফারেন্স ও তথ্যসেবা প্রদান	[১.৩.১] পাঠক উপস্থিতি	বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী এর মাধ্যমে পাঠকসেবা ও পুস্তক লেনদেন কার্যক্রম সম্পাদন।	বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী	গণনা, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী, হতে প্রাপ্ত প্রতিবেদন ও পাঠক গণনা রেজিস্টার, পাঠক মন্তব্য রেজিস্টার	
[১.৪] ইন্টারনেট সেবা প্রদান	[১.৪.১] ব্যবহারকারী	বিভাগীয় পর্যায়ের গণগ্রন্থাগার কর্তৃক ইন্টারনেট সেবা প্রদান।	জেলা পর্যায়ের গ্রন্থাগার	গণনা, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী, হতে প্রাপ্ত প্রতিবেদন ও ইন্টারনেট রেজিস্টার	

সংযোজনী ৩ : অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

প্রতিষ্ঠানের ধরন	প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের প্রত্যাশিত সহায়তা	প্রত্যাশার যৌক্তিকতা	উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করচন	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব

[প্রযোজ্য নয়]